



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ।

একাদশ শ্রেণিতে ভর্তি (শিক্ষাবর্ষ : ২০২১-২০২২) সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ: ১৭/০২/২০২২ খ্রি.

এতদ্বারা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হরগঙ্গা কলেজের বিভিন্ন শাখায় ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তির কার্যক্রম সম্পাদন করতে হবে।

১। মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসে এসে ভর্তি কমিটির নিকট থেকে ভর্তি ফি জমা রশিদ, ভর্তি ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করে পূর্বালী ব্যাংক লি: মুন্সীগঞ্জ শাখার নির্ধারিত বুথে ভর্তি ফি সেশন চার্জ জমাপূর্বক ব্যাংক রশিদ (শিক্ষার্থী কপি) সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র সহ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

২। ভর্তি ফি এর বিবরণী ও ভর্তির সময়সূচীঃ

বিজ্ঞান	মানবিক (ভূগোলসহ)	মানবিক (ভূগোল ব্যতিত)	ব্যবসায় শিক্ষা (ভূগোলসহ)	ব্যবসায় শিক্ষা (ভূগোল ব্যতিত)
২৫৪২/-	২৫৪২/-	২৪২২/-	২৫৪২/-	২৪২২/-

তারিখ	বার	শাখা	ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত ক্রমিক নং	সময়
১৯/০২/২০২২	শনিবার	বিজ্ঞান শাখা	সকল শিক্ষার্থী	সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:৩০ টা পর্যন্ত
২০/০২/২০২২	রবিবার	মানবিক শাখা	০০১-৪২৫	
২২/০২/২০২২	মঙ্গলবার	মানবিক শাখা	৪২৬-৮৫০	
২৩/০২/২০২২	বুধবার	ব্যবসায় শিক্ষা শাখা	০০১-৩৫০	
২৪/০২/২০২২	বৃহস্পতিবার	ব্যবসায় শিক্ষা শাখা	৩৫১-৭০০	

৩। প্রসপেক্টাস, ডিজিটাল আইডিকার্ড ও মসজিদ বাবদ: ৩০০/- (তিনশত টাকা)

৪। কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে অতিরিক্ত ফি বাবদ: ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) প্রদান করতে হবে

প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:

- পূরণকৃত ভর্তি আবেদন ফরমের প্রিন্ট ২ কপি।
- ব্যাংকে টাকা জমা দেওয়া রশিদ ২ কপি।
- মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্টেশন কার্ড A4 সাইজের খামে নাম, রোল নম্বর, ঠিকানা ও মোবাইল নম্বর লিখে জমা দিতে হবে।
- প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্রের ফটোকপি ও মাধ্যমিক/সমমান পাশের ট্রান্সক্রিপ্ট-এর অনলাইন কপি ২ কপি।
- ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ১কপি।
- পাঠবিরতি সনদ, মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান হলে(মুক্তিযোদ্ধা কমান্ডারের প্রত্যয়নপত্র)।
- জন্ম নিবন্ধনের ফটোকপি ২ কপি।

বি: দ্র: ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমে স্বাস্থ্য সচেতনতা (মাস্ক ব্যবহার) ও সামাজিক দূরত্ব বজায় রাখা আবশ্যিক।

ভর্তির জন্য নির্ধারিত সমপরিমাণ টাকা নিয়ে ব্যাংক বুথে আসতে হবে।

অধ্যক্ষ

১৭.০২.২০২২

সরকারি হরগঙ্গা কলেজ

মুন্সীগঞ্জ।

প্রফেসর মোঃ আব্দুল হাই তালুকদার

অধ্যক্ষ

সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ

আইডি নং-৩৩৬